

প্রকল্প সংশ্লিষ্ট সাধারণ তথ্যাবলি

০১। প্রকল্প প্রস্তাবনার সকল ক্রয় প্রক্রিয়া ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। প্রকল্পের গবেষণা কাজ ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত চলমান রাখা যাবে।

০৩। প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ৩১ জুলাই ২০১৯ এর মধ্যে জমা দিতে হবে।

০৪। প্রকল্প প্রস্তাব মূল্যায়নে নিম্নোক্ত মানদণ্ড বিবেচিত হবেঃ-

Criteria	Marks	Distribution
4.1. Project title	—	5
4.2. Introduction, innovativeness and problem statement	—	15
4.3. Specific Objectives	—	5
4.4. Relevance to the vision of PSTU and national development goals	—	10
4.5. Review and background information	—	15
4.6. Expected outputs and benefits of stakeholder	—	5
4.7. Methodology	—	20
4.8. Activity plan/Gantt chart	—	10
4.9. Budget rationale	—	10
4.10. Proposal design, presentation and feasibility	—	5

০৫। বিমক এর বরাদ্দের আলোকে শিক্ষকদের গবেষণার কোড নং ৫৯২১ এর আওতায় সর্বোচ্চ ১ লক্ষ টাকা এবং ছাত্র-শিক্ষক

গবেষণার কোড নং ৪৮২৯ এর আওতায় সর্বোচ্চ ১ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে প্রকল্প প্রস্তাবনা সীমাবদ্ধ রাখতে হবে। একজন

শিক্ষক যে কোন একটি কোডের আওতায় প্রকল্প প্রস্তাবনা জমা দিতে পারবেন। শর্ত থাকবে যে, বিমক থেকে অর্থ প্রাপ্তি এবং গবেষণার পরিধীর আলোকে চূড়ান্ত বরাদ্দ নির্ধারণ করা হবে।

০৬। অর্থায়নের জন্য চূড়ান্তভাবে অনুমোদিত প্রকল্প সমূহের পরিচালকবৃন্দের চাহিদার ভিত্তিতে PI এবং Co-PI(প্রযোজ্য ক্ষেত্রে) সম্মানীয়তাসমুদয় অর্থ এক কিস্তিতে ছাড়করা হবে।

০৭। PI এবং Co-PI(প্রযোজ্য ক্ষেত্রে) সম্মানীয়অর্থ মনিটরিং কমিটির রিপোর্ট এর ভিত্তিতে ছাড় করা হবে।

০৮। একজন শিক্ষক শুধুমাত্র ১(এক) বৎসর মেয়াদী একটি প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে পারবেন।

০৯। দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original work ভিত্তিক হতে হবে। দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোন দাতা সংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহন করলে তা বাতিল হয়ে যাবে।

১০। যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন অথবা আবেদন করেছেন তাঁরা প্রকল্প পরিচালনা করতে পারবেননা। প্রকল্প চলাকালীন কোন PIএর অনুকূলে লিয়েন/প্রেষণ মঞ্জুর হলে তা RTC কে জরুরী ভাবে অবহিত করতে হবে।

১১। কোন গবেষক অন্য কোন উৎস থেকে ০২টি প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত থাকলে RTC এর অর্থায়নে প্রকল্প প্রস্তাবনা জমা না দেওয়ার জন্য অনুরোধ করা হল।

১২। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে হবে।

১৩। বাৎসরিক মোট বাজেটে PI এবং Co-PI এর সম্মানী ভাতা বাবদ ০১মাসের মূল বেতনের ২০% অর্থ উল্লেখ থাকতে পারবে এবং উক্ত সম্মানী ২য় কিস্তির অর্থের সাথে ছাড় করা হবে।

১৪। নবীন শিক্ষক বিশেষ করে প্রভাষক বৃন্দকে ০১(এক) জন অধ্যাপকের (PI) সাথে সহযোগী প্রধান গবেষক (Co-PI) হিসেবে সম্পৃক্ত হয়ে গবেষণা প্রস্তাব জমাদানের জন্য উৎসাহিত করা যাচ্ছে। উল্লেখ্য যে, সহযোগী প্রধান গবেষক(Co-PI) এর ক্ষেত্রেও ২০% সম্মানী প্রযোজ্য হবে। বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত প্রকল্পের ক্ষেত্রে ০১ জন শিক্ষক ০১ টির বেশি প্রকল্পে প্রধান গবেষক/সহযোগী প্রধান গবেষক থাকতে পারবেন না।

১৫। নির্ধারিত প্রোফর্মা ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই গবেষণা প্রস্তাবনা গ্রহন করা হবেনা।

১৬। কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। অসামঞ্জস্যপূর্ণ কোন খরচের খাত দেখানো যাবে না। প্রকল্পের কাজে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিকের সংখ্যা যৌক্তিক সীমার মধ্যে রাখতে হবে।

১৮। বিমক- এর নির্দেশনা অনুযায়ী গবেষণার ফলাফল জার্নালে প্রকাশ করতে হবে। থিসিস এবং অথবা জার্নাল প্রকাশনায় PSTU- এর আর্থিক অনুদানের Acknowledgements থাকতে হবে।

১৯। বরাদ্দকৃত বাজেটের মধ্যে প্রকাশনার জন্য অর্থসংস্থান রাখা যাবে যা প্রকাশনা প্রতি সর্বোচ্চ ৩,০০০/- (তিন হাজার মাত্র) টাকা। প্রকাশনার একটি Reprint/Copy RTC তে জমা দিতে হবে। তবে ইমপ্যাক্ট ফ্যাক্টর (Thomson Reuters) জার্নালে প্রকাশের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা পর্যন্ত পূর্ণভরন হিসেবে প্রদান করা যাবে।

২০। ডিসেম্বর ২০১৮ সময়ের মধ্যে মনিটরিং কমিটি কর্তৃক প্রতিটি প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করা হবে।

২১। প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বাজেটের লাইন আইটেম এর সাথে সঙ্গতি রেখে বরাদ্দকৃত অর্থের মধ্যে বাজেট সংশোধন করতে হবে। বরাদ্দকৃত বাজেটের খাতওয়ারী বিবরণ হবে নিম্নরূপ:

ক্রমিক নং	আইটেম	পরিমাণ	একক দর	মোট মূল্য

২২। প্রকল্পের সমুদয়খরচেরসময়ভাউচার ২০ জুন ২০১৯ ইং তারিখের মধ্যে RTC তে জমা দিতে হবে।

২৩। প্রকল্পের যাবতীয়খরচ নিরীক্ষণের আওতাভুক্ত বিধায় প্রকল্প সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট, খরচের রেকর্ড এবং ক্রয়কৃত যন্ত্রপাতি/মালামাল (যদি থাকে) সংশ্লিষ্ট প্রধান গবেষককে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

২৪। অর্থ উত্তোলনের জন্য কোন প্রকার ফাইল উপস্থাপনের প্রয়োজন নেই তবে নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করতে হবে :

	প্রকল্পেরগবেষণা ব্যয় ছাড়করণের ক্ষেত্রে		প্রকল্পেরসম্মানীরঅর্থছাড়করণেরক্ষেত্রে
ক.	সংশোধিত প্রস্তাবনার একটি হার্ড কপি	ক.	যথাযথভাবে পূরনকৃতআবেদন ফর্ম
খ.	যথাযথভাবে পূরনকৃতআবেদন ফর্ম	খ.	প্রাক্কলন
গ.	প্রাক্কলন	গ.	মনিটরিং রিপোর্ট
ঘ.	বরাদ্দপত্রের ফটোকপি		
ঙ.	রিভাইডকৃত কপি		